# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূরা ফাতিহা পাঠ করার সময় বিসমিল্লাহ জোরে পড়া মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ أَنْ يَجْهَرَ بِبِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ عِنْدَ ابْتِدَاءِ قِرَاءَةِ فَاتِحَةِ الكتاب

আরবী

1794 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ قَالَ: أَخْبَرَنِي خَالِدُ بْنُ يَزِيدَ عَنْ سعيد بن أبي هلال عَنْ نُعَيْمٍ الْمُجْمِرِ قَالَ: صَلَّيْتُ وَرَاءَ أَبِي هُرَيْرَةَ فَقَالَ: بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ثُمَّ قَرَأَ بِأُمِّ الْكِتَابِ حَتَّى إِذَا بَلَغَ {غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ} [الفاتحة: 7] قَالَ: آمِينَ وَقَالَ النَّاسُ: آمِينَ فَلَمَّا رَكَعَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا رَفَعَ رَأْسَهُ قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ ثُمَّ سَجَدَ فَلَمَّا رَفَعَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَجَدَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا رَفَعَ قَالَ: اللَّهُ أَكْبَرُ ثُمَّ اسْتَقْبَلَ قَائِمًا مَعَ التَّكْبِيرِ فَلَمَّا قَامَ مِنَ الثِّنْتَيْنِ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَلَّمَ قَالَ: وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنِّي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم.
الراوي : نُعَيْمٍ الْمُجْمِرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1794 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((التعليق على ابن خزيمة)) (499).

বাংলা

১৭৯৪. নু'আইম আল মুজমির রহিমাহুল্লাহ বলেন, আমি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর পিছনে সালাত আদায় করেছি, অতঃপর তিনি পড়লেন, بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (সর্বদয়ালু, সবিশেষ করুণাময় আল্লাহর নামে শুরু করছি।) তারপর তিনি সূরা ফাতিহা পড়েন, অতঃপর যখন তিনি غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ (তাদের পথ নয় যারা অভিশপ্ত আর যারা পথভ্রষ্ট। -সূরা ফাতিহা: ৭), তখন তিনি বলেন, آمِينَ "(আপনি কবূল করুন), আর লোকজনও বলেন, آمِينَ "(আপনি কবূল করুন), অতঃপর যখন তিনি রুকূ' করেন, তখন বলেন اللَّهُ أَكْبَرُ (আল্লাহ

সবচেয়ে বড়), অতঃপর যখন তিনি রুকূ‘ থেকে মাথা উত্তলন করেন, তখন বলেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ (আল্লাহ শ্রবণ করেন, যে ব্যক্তি তাঁর প্রশংসা করে), তারপর ‘আল্লাহু আকবার’ বলেন অতঃপর সাজদায় যান, তারপর যখন সাজদা থেকে মাথা উত্তলন করেন, তখন ‘আল্লাহু আকবার’ বলেন। তারপর তাকবীর বলে সোজা দাঁড়িয়ে যান। যখন তিনি দ্বিতীয় রাকা‘আত থেকে দাঁড়াতেন, তখন ‘আল্লাহু আকবা ‘ বলেন। অতঃপর যখন সালাম ফেরান, তখন বলেন, “ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ, নিশ্চয়ই আমি তোমাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের সাথে সবচেয়ে বেশি সাদৃশ্যপূর্ণ সালাত আদায়কারী।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ২/১৩৪; সুনান বাইহাকী: ২/৫৮; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৮৪; হাকিম: ১/২৩২; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৯৯; মুসনাদ আহমাদ: ২/৪৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা‘লীক আলা ইবনু খুযাইমাহ : ৪৯৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু‘আয়ম মুজমির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91010

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন